



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd
সংস্থাপন শাখা



নম্বর ৩৭.১১.৪০৪১.৪৪১.১৩.০০১.২০.৫৭

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৮

২২ ফেব্রুয়ারি ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের ম্যানেজিং কমিটি/গভর্নিংবডি গঠন ও নির্বাচন সংক্রান্ত

এ বোর্ডের আওতাধীন সকল নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসার, রিটার্নিং কর্মকর্তাকে জানানো যাচ্ছে যে, এ বোর্ডের আওতাধীন সকল স্তরের শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিংবডি গঠন ও নির্বাচন কার্যক্রম কোভিড ১৯ জনিত কারণে শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণিপাঠদান বন্ধ থাকায় এ বোর্ডের স্মারক নম্বর:৩৭.১১.৪০৪১.৪৪১.১৩.০০১.২০.২৭, তারিখ: ২৪ জানুয়ারি ২০২২ খ্রি. অনুসারে যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় স্থগিত ঘোষণা করা হয়। বর্তমানে শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ পুনরায় চালু হওয়ায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর বিধানাবলী সাপেক্ষে নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ম্যানেজিং কমিটি/ গভর্নিং বডি গঠনের কার্যক্রম যে অবস্থায় স্থগিত করা হয়েছিল সেখান থেকে পুনরায় কার্যক্রম শুরু করার জন্য বলা হলো। ২। প্রবিধানমালা, ২০০৯ এর বিধানাবলী অনুসারে নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করা সম্ভব না হলে ম্যানেজিং কমিটি/গভর্নিংবডি গঠনের লক্ষ্যে এডহক কমিটি গঠনের অনুমতির আবেদন দাখিল করতে বলা হলো।

The intermediate and secondary education board ordinance 1961(E.P. Order No. XXXIII of 1961) এর section II -এ প্রদত্ত ক্ষমতাবলে এই নির্দেশনা জারি করা হলো।"

২২-২-২০২২

প্রফেসর ড. মোঃ আহসান হাবীব
চেয়ারম্যান

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৩) জেলা প্রশাসক, খুলনা বিভাগীয় সকল জেলা
- ৪) পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

- ৫) কলেজ পরিদর্শক, কলেজ বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৬) বিদ্যালয় পরিদর্শক, বিদ্যালয় বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৭) উপজেলা নির্বাহী অফিসার, খুলনা বিভাগীয় সকল উপজেলা
- ৮) জেলা শিক্ষা অফিসার, খুলনা বিভাগীয় সকল জেলা
- ৯) অধ্যক্ষ ও প্রধান শিক্ষক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর এর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান
- ১০) একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ১১) সেকশন অফিসার (ভারপ্রাপ্ত), সংস্থাপন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ১২) স্টেনোগ্রাফার, সংস্থাপন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর